মেজর কোর্স

ক্রেডিট : ৪ পূর্ণমান : ৮০+২০=১০০

## সেমেস্টার ১ (প্রথম বর্ষ)

কোর্স নং : ০১

কোর্স কোড: MJBENG01

কোর্সের নাম: বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

ক্রেডিট : ৪ লেভেল : ৪.৫ সময় : ৬০ ঘণ্টা

উদ্দেশ্য: বাংলা ভাষা-সাহিত্যের পড়ুয়াদের বিষয়ে প্রাথমিক-দক্ষতা (primary-skill) অর্জনে এই পাঠ্যসূচি সহায়তা করবে। ইতিহাস ও সাহিত্যের সম্পর্ক সম্বন্ধে স্পষ্ট ধারণা প্রদান, ইতিহাস চর্চার পদ্ধতি বিষয়ে বাংলা ভাষার সাহিত্যের ইতিহাসের মাধ্যমে জ্ঞান ও তথ্য অর্জন উদ্দেশ্য। বাংলা ভাষা সাহিত্যের ইতিহাস ভারতীয় ভাষা-সাহিত্যের ইতিহাসের সামগ্রিক কাঠামোর সূত্রে পড়ানো হবে বলে ভারতীয় জ্ঞান-পদ্ধতি সম্বন্ধে (IKS) জানতে পারবে।

শিক্ষণ পদ্ধতি: এক-পাক্ষিক বক্তৃতার মাধ্যমেই মাধ্যমেই শুধু নয়, প্রাগাধুনিক পর্বের বাঙালির সমাজ-সংস্কৃতির সম্বন্ধে আগ্রহ জাগিয়ে তোলার জন্য দৃশ্য-শ্রাব্য মাধ্যমের সাহায্য নিয়ে অংশগ্রহণমূলক পদ্ধতিতে পাঠদান করা হবে।

মূল্যায়ন: মৌখিক ও লিখিত পরীক্ষার পাশাপাশি নির্দিষ্ট বরাদ্দ সময়ের মধ্যে পড়ুয়ারা ছোটো ছোটো দলে বিভক্ত হয়ে প্রাগাধুনিক বাঙালির সমাজ ও সংস্কৃতি সম্বন্ধে তাদের মতামত নিয়মিত দলবদ্ধ ভাবে উপস্থাপন করবে।

**ফলশ্রুতি**: প্রাথমিক দক্ষতা (primary-skill) প্রদায়ী এই পাঠক্রমটি পড়ুয়াদের মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক স্তরে বিদ্যালয় শিক্ষকতার ক্ষেত্রে উপযুক্ত করে তুলবে। ইতিহাসবোধের মাধ্যমে

ভারতীয় ভাষাগুলির পারস্পরিক যোগাযোগ সম্পর্কে যে ধারণা গড়ে উঠবে তা সাংস্কৃতিক সমন্বয় ও জাতীয় সংহতির বোধ সঞ্চার করবে।

কোর্সের বিবরণ

**একক ১** (Unit:1) যুগবিভাগ ও সাহিত্যের ইতিহাস চর্চার পদ্ধতি সম্বন্ধে প্রাথমিক ধারণা।

বাংলা সাহিত্যের পূর্বসূত্র: সুভাষিতরত্নকোশ, সদুক্তিকর্ণামৃত, গাথাসপ্তশতী, গীতগোবিন্দম্

**একক ২** (Unit:2)বাংলা সাহিত্যের সূচনালগ্ন থেকে পঞ্চদশ শতক (চর্যাপদ, শ্রীকৃষ্ণকীর্তন, পদাবলি সাহিত্য, অনুবাদ সাহিত্য)

**একক ৩** (Unit:3)ষোড়শ ও সপ্তদশ শতক (চৈতন্য জীবনী সাহিত্য, বৈষ্ণব সাহিত্য, মঙ্গলকাব্যের ত্রিবিধ ধারা, আরাকান রাজসভার সাহিত্য, গীতিকা)

**একক ৪** (Unit:4)অষ্টাদশ শতক (শাক্ত পদাবলি, অন্নদামঙ্গল, কবিগান, বৈষ্ণব কড়চার গদ্য, সাহেবি গদ্যের নানা নমুনা)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অসিতকুমার বন্দ্যোপাধ্যায়, বাংলা সাহিত্যের ইতিবৃত্ত (১-৫)

আশুতোষ ভট্টাচার্য, বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস

আহমদ শরীফ, বাঙ্গালী জাতি ও বাংলা সাহিত্য (১-২)

গোপাল হালদার, বাংলা সাহিত্যের রূপরেখা (১-২)

ভূদেব চৌধুরী, বাংলা সাহিত্যের ইতিকথা (১-৩)

দীনেশচন্দ্র সেন, বঙ্গভাষা ও সাহিত্য

নীহাররঞ্জন রায়, বাঙ্গালীর ইতিহাস

সুকুমার সেন, বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (১-২)

সুখময় মুখোপাধ্যায়, মধ্যযুগের বাংলা সাহিত্যের তথ্য ও কালক্রম

কোর্স নং : ০২

কোর্স কোড : MJBENG02

ক্রেডিট : ৪ লেভেল : ৪.৫ সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম: বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

উদ্দেশ্য : বাংলা ভাষা-সাহিত্যের পড়ুয়াদের এটি বিষয়ে প্রাথমিক-দক্ষতা (primary-skill) অর্জনে সহায়তা করবে। উনিশ ও বিশ শতকের ঔপনিবেশিক পর্বের পাশ্চাত্য সাংস্কৃতিক অভিঘাত বিশেষ আর্থ-সামাজিক প্রেক্ষিতে কীভাবে হাতফেরতা আধুনিকতা ও সাংস্কৃতিক জাতীয়তাবাদের উত্থান ঘটায় ও ক্রমে উপনিবেশ পরবর্তী সময়ে নিজস্ব ভারতীয় আধুনিকতার দাবি ভারতীয় জ্ঞান পদ্ধতির (IKS) সূত্রে তৈরি হয় আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাসের মাধ্যমে তা জানানো হবে।

শিক্ষণ পদ্ধতি: একমুখী বক্তৃতার পাশাপাশি শ্রাব্য ও দৃশ্য মাধ্যমের ব্যবহার করে 'হাতফেরতা আধুনিকতা' 'সাংস্কৃতিক জাতীয়তাবাদ' ও 'আমাদের আধুনিকতা' সম্বন্ধে বোঝাপড়া ও মূল্যায়ন সুদৃঢ় করা হবে।

মূল্যায়ন : মৌখিক ও লিখিত পরীক্ষার পাশাপাশি নির্দিষ্ট বরাদ্দ সময়ের মধ্যে পড়ুয়ারা ছোটো ছোটো দলে বিভক্ত হয়ে 'আধুনিকতা ও 'আমাদের আধুনিকতা' সম্বন্ধে তাদের পর্যবেক্ষণ নিয়মিত দলবদ্ধ ভাবে উপস্থাপন করবে।

ফলশ্রুতি: প্রাথমিক দক্ষতা (primary-skill) প্রদায়ী এই পাঠক্রমটি পড়ুয়াদের মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক স্তরে বিদ্যালয় শিক্ষকতার ক্ষেত্রে উপযুক্ত করে তুলবে। 'আধুনিকতা'ও 'আমাদের আধুনিকতা' এই দুয়ের পার্থক্য জানার ফলে অন্ধ-অনুকরণের বিরুদ্ধে সামাজিক মূল্যবোধ তৈরি হবে।

কোর্সের বিবরণ

একক ১ (Unit:1) উনিশ শতকের প্রথমার্ধ (কবিগান ও ঈশ্বর গুপ্ত, ফোর্ট উইলিয়াম ও বাংলা গদ্য, রামমোহন, স্কুল বুক সোসাইটি, অক্ষয় কুমার দত্ত, কালীপ্রসন্ন সিংহ, প্যারীচাঁদ মিত্র, বটতলা সাহিত্যের আদিপর্ব, সাহেবি থিয়েটার ও বাবু থিয়েটার, সাময়িক পত্র : দিগ্‌দর্শন, সংবাদ প্রভাকর, তত্ত্ববোধিনী, মাসিক পত্রিকা)

একক ২ (Unit:2) উনিশ শতকের দ্বিতীয়ার্ধ (বাংলা আখ্যান কাব্যের ধারা, বাংলা গীতিকাব্যের ধারা, পেশাদার রঙ্গমঞ্চ, বাংলা উপন্যাস ও প্রবন্ধ সাহিত্য, বাংলা সাময়িক পত্র: বঙ্গদর্শন, সাধনা, ভারতী, বালক

একক ৩ (Unit:3) বিশ শতকের প্রথমার্ধ (বাংলা সাধারণ রঙ্গালয় শিশিরকুমার ভাদুড়ি পূর্ববর্তী পর্ব ও শিশিরকুমার ভাদুড়ি, গণনাট্য) রবীন্দ্রনাথের কবিতার ধারা ও রবীন্দ্র-অনুসারী কবিসমাজ, বাংলা কবিতায় আধুনিকতার বিতর্ক (বুদ্ধদেব বসু, জীবনানন্দ দাশ, বিষ্ণু দে, সুধীন্দ্রনাথ দত্ত, অমিয় চক্রবর্তী) বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারা ( প্রমথ চৌধুরী, ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়, অন্নদাশঙ্কর রায়), বাংলা উপন্যাস ও ছোটোগল্পের ধারা (বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, , তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায় মন্বন্তর দেশভাগ ও বাংলা সাহিত্য সাময়িক পত্র ( প্রবাসী, বিচিত্রা, সবুজ পত্র, কল্লোল, কালিকলম, প্রগতি, শনিবারের চিঠি, পরিচয় )

একক ৪ (Unit:4) বিশ শতকের দ্বিতীয়ার্ধ (পঞ্চাশ থেকে সত্তর: বাংলা কবিতা, গল্প, উপন্যাস, নাটক ও প্রবন্ধের প্রাথমিক পরিচয়, সত্তর থেকে নব্বই পূর্ববর্তী: বাংলা কবিতা গল্প উপন্যাস নাটক ও প্রবন্ধের প্রাথমিক পরিচয়, নব্বইয়ের বাংলা কবিতা গল্প ও উপন্যাস)

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**

অলোক রায়, উনিশ শতক

অসিতকুমার বন্দ্যোপাধ্যায়, বাংলা সাহিত্যের ইতিবৃত্ত

গোপাল হালদার, বাংলা সাহিত্যের রূপরেখা

গোলাম মুরশিদ, হাজার বছরের বাঙালি সংস্কৃতি

শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা

সুকুমার সেন, বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (৩-৫)

স্বপন বসু, বাংলা নবচেতনার ইতিহাস

## সেমেসস্টার ২ (প্রথম বর্ষ)

কোর্স নং : ০৩

কোর্স কোড : **MJBENG03**

ক্রেডিট : ৪ লেভেল : ৪.৫ সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম : সাহিত্যের সংরূপ, **সাহিত্য**-আন্দোলন এবং ভারতীয় আর পাশ্চাত্য সাহিত্যের ইতিহাসের নির্বাচিত পাঠ

উদ্দেশ্য : বাংলা সাহিত্যের পড়ুয়ারা বিশেষায়িত দক্ষতা (specific skill) অর্জনের জন্য এই কোর্সটি অধ্যয়ন করবে। দেশি-বিদেশি সাহিত্যের বিভিন্ন সংরূপ, সাহিত্য-আন্দোলনের গতি-প্রকৃতি ও ভারতীয় আর পাশ্চাত্য সাহিত্যের ইতিহাস পাঠের মাধ্যমে বঙ্গসাহিত্যে প্রাচ্য-পাশ্চাত্য ভাবনার পরিগ্রহণের বিষয়টি আলোচনা করা হবে। এতে ভারতীয় জ্ঞান পদ্ধতির স্বাতন্ত্র্য ও সমন্বয়কামী নমনীয়তা সম্বন্ধে ধারণা স্পষ্ট হয়ে উঠবে।

**শিক্ষণ পদ্ধতি**: একমুখী বক্তৃতার পাশাপাশি শ্রাব্য ও দৃশ্য মাধ্যমের সাহায্যে বিভিন্ন ভারতীয় ও পাশ্চাত্য অভিকরণ শিল্পের সঙ্গে পরিচয় করে দেওয়া হবে। পড়ুয়াদের অনুসন্ধিৎসা বৃদ্ধির জন্য, অংশগ্রহণের মাধ্যমে বোঝাপড়া যাতে সুদৃঢ় হয় সেজন্য ইংরেজি আর সংস্কৃত বিভাগের পড়ুয়াদের সঙ্গে সহযোগী সংযোগ গড়ে তোলা হবে।

**মূল্যায়ন:** মৌখিক ও লিখিত পরীক্ষার পাশাপাশি নির্দিষ্ট বরাদ্দ সময়ের মধ্যে পড়ুয়ারা ছোটো ছোটো দলে বিভক্ত হয়ে সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের সঙ্গে বাংলা সাহিত্যের সংযোগ সম্বন্ধে তাদের পর্যবেক্ষণ নিয়মিত দলবদ্ধ ভাবে উপস্থাপন করবে।

ফলশ্রুতি: বিশেষায়িত দক্ষতাপ্রদায়ী এই পাঠক্রম পরবর্তীকালে অন্য ভারতীয় ভাষা-সাহিত্যের প্রতি পড়ুয়াদের আগ্রহী করে তুলবে ও সমন্বয়ী ভাষা-কেন্দ্রিক ভারতবোধের বিকাশ ঘটাবে।

**কোর্সের বিবরণ:**

একক **১**(Unit:1) নির্দেশিত সাহিত্যের সংরূপগুলির মধ্যে থেকে যে-কোনো ৮টি সম্বন্ধে বিস্তারিত ধারণা: লিরিক, ওড, এলিজি, সনেট, ট্র্যাজেডি, কমেডি, একাঙ্ক, বস্তুগত ও ভাবগত প্রবন্ধ, উপন্যাস, ছোটোগল্প, অণুগল্প, গ্রাফিক নভেল, কমিকস

একক ২(Unit:2) নির্দেশিত সাহিত্য আন্দোলনগুলির মধ্য থেকে নির্বাচিত ৮টি সম্বন্ধে প্রাথমিক ধারণা: ক্ল্যাসিসিজম, নিওক্ল্যাসিসিজম, রোম্যান্টিসিজম, ন্যাচারালিজম, রিয়ালিজম, সিম্বলিজম, ডাডাইজম, এক্সপ্রেশানিজম, ফিউচারিজম, মডার্নিজম, পোস্টমডার্নিজম, ছায়াবাদ, হাংরি ও শ্রুতি আন্দোলন

একক ৩(Unit:3) ভারতীয় সাহিত্য কাকে বলে ও ভারতীয় সাহিত্যের যুগবিভাগের ধারণা অনুসারে ভারতীয় সাহিত্যের ইতিহাসের নির্বাচিত অংশ পাঠ। বাংলা সাহিত্যের ইতিহাসে তার প্রভাব ও পরিগ্রহণ সম্বন্ধে আলোচনা। ( বিশেষ গুরুত্ব: বৈদিক সাহিত্য, মহাকাব্য, পুরাণ, কালিদাস, ভক্তি সাহিত্যের সর্বভারতীয় ধারা, অসমিয়া ও ওড়িয়া ভাষার আধুনিক সাহিত্যের প্রাথমিক পরিচয় )

একক ৪(Unit:4) পাশ্চাত্য সাহিত্যের ইতিহাসের যুগবিভাগের ধারণার সূত্রে নির্বাচিত অংশের পাঠ। বাংলা সাহিত্যের ইতিহাসে তার প্রভাব ও পরিগ্রহণ। (বিশেষ গুরুত্ব: মিলটন, শেক্সপিয়র, ইংরেজি-জার্মান-ফরাসি রোমান্টিক আন্দোলনের প্রাথমিক ইতিহাস, ইংরেজি রোম্যান্টিক কবি-পঞ্চক, ইংরেজি নভেলের জন্মকথা ও স্কট আর ডিকেন্স, এলিয়ট ও আধুনিকতা)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অলোক রায় (সম্পা) সাহিত্যকোষ: কথাসাহিত্য

কুন্তল চট্টোপাধ্যায়, ইংরেজি সাহিত্যের ইতিহাস

গৌরী ধর্মপাল, বেদের কবিতা

গৌরীনাথ শাস্ত্রী, সংস্কৃত সাহিত্যের ইতিহাস

যোগীরাজ বসু, বেদের পরিচয়

সুকুমারী ভট্টাচার্য, আপেক্ষিক মূল্যায়নে রামায়ণ ও মহাভারত

সুকুমারী ভট্টাচার্য, পুনরবলোকনে বাল্মীকি রামায়ণ

সুকুমার সেন, রামকথার প্রাক্-ইতিহাস

সুধীর চক্রবর্তী, বুদ্ধিজীবীর নোটবই

সেলিম আল দীন, বাঙলা নাট্যকোষ

স্বামী গম্ভীরানন্দ, উপনিষৎ গ্রন্থাবলী (১-৩)

ভারতকোষ (১-৪)

Edward Albert, History of English Literature

## কোর্স নং : ০৪

## কোর্স কোড : MJBENG04

ক্রেডিট : ৪ লেভেল : ৪.৫ সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম: বাংলা ভাষা ও ভাষাতত্ত্ব

উদ্দেশ্য : ভারতীয় ভাষাগুলির মধ্যে বাংলা কেন ধ্রুপদি ভাষার মর্যাদা লাভ করল সে বিষয়ে সম্যক ধারণা প্রদান, সংস্কৃত ব্যাকরণচিন্তার পাশাপাশি আধুনিক পাশ্চাত্য ভাষাতত্ত্বের পাঠদানের মাধ্যমে ভারতীয় ভাষাচিন্তকদের মৌলিকতা সম্বন্ধে সচেতনতা জাগিয়ে তোলা ও তার ফলে ভারতীয় জ্ঞান পদ্ধতির (IKS) ঘাতসহত্ব সম্বন্ধে বোধের জন্ম দেওয়া এই বিষয়কেন্দ্রিক দক্ষতাপ্রাদায়ী (core skill) পাঠ্যসূচির মুখ্য উদ্দেশ্য।

শিক্ষণ পদ্ধতি: একপাক্ষিক বক্তৃতার পাশাপাশি এই পাঠ্যসূচিতে হাতে-কলমে পড়ুয়াদের বিভিন্ন বিষয় শেখানো হবে। বাংলা উপভাষা ও সমাজ ভাষাবিজ্ঞানের আলোচনার সময় ক্ষেত্রসমীক্ষার জন্য পার্শ্ববর্তী গ্রামগুলিতে নিয়ে যাওয়া হবে।

মূল্যায়ন: লিখিত ও মৌখিক পরীক্ষার পাশাপাশি ক্ষেত্রসমীক্ষা ও কর্মশালার মাধ্যমে অভ্যন্তরীণ মূল্যায়নের ব্যবস্থা থাকবে।

ফলশ্রুতি: এই কোর্সটি অধ্যয়ন করার ফলে পড়ুয়াদের যে ভাষিক দক্ষতা লাভ হবে তা প্রতিযোগিতামূলক পরীক্ষায় সহায়তা করবে, এদিক থেকে এই কোর্সটি নিয়োগযোগ্যতা (empolyability)-র অধিকারী।

কোর্সের বিবরণ

একক ১ (Unit : 1) বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ, বাংলা লিপির উদ্ভব ও ক্রমবিকাশ

একক ২ (Unit : 2) ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, শব্দার্থতত্ত্ব

একক ৩ (Unit : 3) বাংলা উপভাষা, সমাজ ভাষাবিজ্ঞান, রোমীয় লিপি ও আন্তর্জাতিক ধ্বনিলিপি

একক ৪ (Unit : 4) পাণিনি ব্যাকরণের প্রাথমিক পরিচয় ও সংস্কৃত বাক্যতত্ত্ব, বাংলা বাক্যতত্ত্ব, চমস্কির ব্যাকরণ ভাবনা ও অন্বয়তত্ত্ব

নির্বাচিত গ্রন্থপঞ্জি

পবিত্র সরকার, ভাষা দেশ কাল

পবিত্র সরকার, চমস্কি ব্যাকরণ ও বাংলা বানান

পরেশচন্দ্র ভট্টাচার্য, ভাষাবিদ্যা পরিচয়,

পরেশচন্দ্র মজুমদার, বাঙলা ভাষা-পরিক্রমা

পরেশচন্দ্র মজুমদার, সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ

পলাশবরন পাল ধ্বনিমালা, বর্ণমালা

মৃণাল নাথ, ভাষা ও সমাজ

রামেশ্বর শ, সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা

সুকুমার সেন, ভাষার ইতিবৃত্ত

সুভাষ ভট্টাচার্য, ভাষার তত্ত্ব ও বাংলা ভাষা

সুভাষ ভট্টাচার্য, ভাষা কোশ

সুনীতিকুমার চট্টোপাধ্যায়, বাঙ্গলা ভাষা প্রসঙ্গে

Suniti Kumar Chatterji, Origin and Development of the Bengali Language

# সেমেস্টার ৩ (দ্বিতীয় বর্ষ)

কোর্স নং : ০৫

কোর্স কোড : MJBENG05

ক্রেডিট: ৪ লেভেল : ৫ সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম: ছন্দ, অলংকার ও শৈলীবিজ্ঞান

**উদ্দেশ্য** : বিষয়কেন্দ্রিক দক্ষতাপ্রদায়ী (core skill) এই কোর্সটি বাংলা ভাষার ছন্দ-অলংকার এর সঙ্গে সংস্কৃত ও পাশ্চাত্য ভাষার ছন্দ অলংকারের প্রতিতুলনার মাধ্যমে পড়ুয়াদের পরীক্ষামূলক বোধগম্যতার সামর্থ্য অর্জনে সহায়তা করবে।

**শিক্ষণপদ্ধতি**: একমুখী বক্তৃতার পাশাপাশি হাতে কলমে কর্মশালার মাধ্যমে ছন্দ-শিক্ষা দেওয়া হবে। প্রয়োজনে বাংলা ভাষার বিশিষ্ট কবিদের সঙ্গে পড়ুয়াদের ছন্দ-বিষয়ে মতামত বিনিময়ের ব্যবস্থা করা হবে।

**মূল্যায়ন** : লিখিত ও মৌখিক পরীক্ষার পাশাপাশি ছন্দ-বিষয়ক কর্মশালার ব্যবস্থা করা হবে। কর্মশালায় পড়ুয়ার অভ্যন্তরীণ মূল্যায়ন সম্ভব।

**ফলশ্রুতি** : বাংলা ছন্দ ও চিত্রকল্প সম্বন্ধে সহজ জ্ঞান যে ভাষাগত দক্ষতা প্রদান করবে তা বিভিন্ন ক্ষেত্রে কাজে লাগবে। বিজ্ঞাপনের জগতে ভাষা-ছন্দের জ্ঞান পড়ুয়াকে নিয়োগযোগ্যতা দিতে পারে।

কোর্সের বিবরণ

একক ১ (Unit : 1) ছন্দের বিভিন্ন উপাদান (দল, কলা, মাত্রা, প্রস্বর, যতি) বাংলা ছন্দের বিভিন্ন রীতির উদ্ভব ও বৈশিষ্ট্য, ছন্দের রূপবৈচিত্র্য

একক ২ (Unit : 2) সংস্কৃত ছন্দের নির্বাচিত পাঠ, ছন্দ ও মিল, ছন্দোলিপি প্রস্তুতি

একক ৩ (Unit : 3) শব্দালংকার (অনুপ্রাস, শব্দশ্লেষ, যমক, বক্রোক্তি), অর্থালংকার (উপমা, রূপক, উৎপ্রেক্ষা, সমাসোক্তি, অতিশয়োক্তি, বিরোধাভাস, ব্যাজস্তুতি, স্বভাবোক্তি, আক্ষেপ), বিদেশি অলংকার (ট্রান্সফার এপিথেট, মেটানিম, সিনেকডকি, সিনেস্থেসিয়া), ইমেজারি

একক ৪ (Unit : 4) শৈলীবিজ্ঞান

নির্বাচিত গ্রন্থপঞ্জি

উত্তম দাশ, বাংলা ছন্দের অন্তঃপ্রকৃতি

জীবেন্দ্র সিংহরায়, কাব্যতত্ত্ব

নীরেন্দ্রনাথ চক্রবর্তী, কবিতার ক্লাস

তারাপদ ভট্টাচার্য, ছন্দ-তত্ত্ব ও ছন্দ বিবর্তন

তারাপদ ভট্টাচার্য, ছন্দোবিজ্ঞান

পবিত্র সরকার, ছন্দতত্ত্ব ছন্দরূপ

প্রবোধচন্দ্র সেন, নূতন ছন্দ পরিক্রমা

প্রবোধচন্দ্র সেন, বাংলা ছন্দের রূপকার রবীন্দ্রনাথ

শঙ্খ ঘোষ, ছন্দের বারান্দা

শঙ্খ ঘোষ, কথা নিয়ে খেলা

শ্যামাপদ চক্রবর্তী, অলঙ্কার চন্দ্রিকা

কোর্স নং : ০৬

কোর্স কোড : MJBENG06

ক্রেডিট : ৪ লেভেল : ৫ সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম : প্রাগাধুনিক পর্বের নির্বাচিত গ্রন্থ

উদ্দেশ্য : প্রাগাধুনিক পর্বের বাংলা ভাষা-সাহিত্যে বিষয়কেন্দ্রিক দক্ষতা (core skill) অর্জনের জন্য ইংরেজ আগমন পূর্ব সময়ের ধর্মবোধকেন্দ্রিক কাব্যধারার বিভিন্ন সংরূপের পাঠদান করা হবে। ভারতীয় জ্ঞান পদ্ধতির সঙ্গে পরিচয় ঘটবে।

শিক্ষণপদ্ধতি : একমুখী বক্তৃতাকেন্দ্রিক পদ্ধতির পাশাপাশি চর্যাপদ, শ্রীরামপাঁচালি ও পদাবলির নানা অভিকরণ (performance) পড়ুয়াদের দেখানো-শোনানো হবে।

মূল্যায়ন : লিখিত ও মৌখিক পরীক্ষার পাশাপাশি প্রয়োজনে নির্বাচিত পাঠ্যের বাচিক ও সাংগীতিক প্রয়োগের উপর গুরুত্ব দেওয়া হবে।

ফলশ্রুতি : ধ্রুপদি বাংলার ভাষিক ও বাচিক জ্ঞান অর্জন করা সম্ভব হবে।

কোর্সের বিবরণ

একক ১ (Unit:1) চর্যাপদ (নির্বাচিত দশটি পদ)

একক ২ (Unit:2) শ্রীকৃষ্ণকীর্তন/ শ্রীকৃষ্ণবিজয় (নির্বাচিত খণ্ড)

একক ৩(Unit:3) কৃত্তিবাসী রামায়ণ/ কাশীদাসের মহাভারত (নির্বাচিত ২টি কাণ্ড/পর্ব)

একক ৪(Unit:4) পদাবলি (চণ্ডীদাস পাঁচটি, বিদ্যাপতি পাঁচটি)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

নির্মল দাশ, চর্যাগীতি পরিক্রমা

বসন্তরঞ্জন রায় সম্পাদিত, শ্রীকৃষ্ণকীর্তন

সুখময় মুখোপাধ্যায়, রামায়ণ

হরেকৃষ্ণ মুখোপাধ্যায়, বৈষ্ণবপদাবলী

শঙ্করীপ্রসাদ বসু, চণ্ডীদাস ও বিদ্যাপতি

নীহাররঞ্জন রায়, বাঙ্গালীর ইতিহাস (আদি পর্ব)

রাখালদাস বন্দ্যোপাধ্যায়, বাঙ্গালার ইতিহাস

সুনীতিকুমার চট্টোপাধ্যায়, বাঙ্গালীর সংস্কৃতি

## সেমেস্টার ৪ (দ্বিতীয় বর্ষ)

কোর্স নং : ০৭

কোর্স কোড : MJBENG07

ক্রেডিট : ৪ লেভেল : ৫ সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম : পুথিপাঠ, ভক্তিআন্দোলন ও বাংলা বৈষ্ণবভক্তি সাহিত্য, হিন্দু-মুসলমান যুক্তসাধনা ও সাহিত্য

**উদ্দেশ্য**: মুদ্রণ-পূর্ব বাংলা সাহিত্যের লিখিত ও শ্রুতিবদ্ধ রূপের সঙ্গে হাতে-কলমে পরিচয় ঘটানো এই পাঠ্যসূচির উদ্দেশ্য। প্রাগাধুনিক বাংলা সাহিত্যে বিভিন্ন ধর্মসম্প্রদায়ের মধ্যে ভারতীয় জ্ঞানতত্ত্বের (IKS) সম্মিলনের আদর্শ কীভাবে দার্শনিক ও সাহিত্যিক স্তরে পরম্পরিত হয়েছিল তাও এই পাঠ্যসূচিতে শেখানো হবে।

**শিক্ষণপদ্ধতি** : একমুখী বক্তৃতা দানের পাশাপাশি হাতে-কলমে পুথিপাঠ শেখানো হবে।

মূল্যায়ন: মৌখিক ও লিখিত পরীক্ষার পাশাপাশি কর্মশালার মাধ্যমে নিয়মিত পড়ুয়াদের শিক্ষার মূল্যায়ন করা হবে।

**ফলশ্রুতি** : বাংলা পুথি পাঠ করতে পারার দক্ষতা অর্জিত পড়ুয়াদের সহযোগী নানা বিদ্যা-বিষয়ে অধিকার জন্মাবে।

কোর্সের বিবরণ

একক ১ (Unit:1) পুথিপাঠ-পুথিসম্পাদনা এবং বাংলা পুথিচর্চার ধারা

একক ২(Unit:2) ক। ভারতীয় ভক্তিসাহিত্যের সূচনা ও বিকাশ

খ। চৈতন্যচরিতামৃত (নির্বাচিত অংশ)

গ। চৈতন্যভাগবত (নির্বাচিত অংশ)

একক ৩(Unit:3) বৈষ্ণবপদ্যসাহিত্য (উত্তর-চৈতন্য পর্ব, নির্বাচিত দশটি পদ)

একক ৪(Unit:4) হিন্দু-মুসলমান যুক্তসাধনা ও সাহিত্য– সত্যপিরের পাঁচালি (নির্বাচিত)/ লোরচন্দ্রাণী ও সতীময়না

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অণিমা মুখোপাধ্যায়-অনিল আচার্য, পুথির ইতিবৃত্ত (১-২)

অবন্তীকুমার সান্যাল সম্পাদিত, চৈতন্যভাগবত

ক্ষিতিমোহন সেন বাংলার বাউল

ক্ষুদিরাম দাস, বৈষ্ণব রস প্রকাশ

ত্রিপুরা বসু সম্পাদিত, কবি কিঙ্করের সাতভাই দুখির পালা

দেবনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত, লোরচন্দ্রাণী ও সতীময়না

পুঁথি পরিচয় (১-৭)- বিশ্বভারতী

বিমানবিহারী মজুমদার, চৈতন্যচরিতের উপাদান

মহম্মদ এনামুল হক বঙ্গে সূফীপ্রভাব

সাহিত্যপ্রকাশিকা (১-৪) বিশ্বভারতী

রাধাগোবিন্দ দাস গৌড়ীয় বৈষ্ণবদর্শন

রমাকান্ত চক্রবর্তী বঙ্গে বৈষ্ণবধর্ম

শঙ্করীপ্রসাদ বসু, মধ্যযুগের কবি ও কাব্য

শশিভূষণ দাশগুপ্ত, শ্রীরাধিকার ক্রমবিকাশ: দর্শনে ও সাহিত্যে-

সুকুমার সেন-তারাপদ মুখোপাধ্যায় সম্পাদিত, চৈতন্যচরিতামৃত

Ratna Basu, Karunasindhu Das, Aspects of Manuscriptology

Ramakanta Chakraborty, Vaishnavism in Bengal (1486-1900)

কোর্স নং : ০৮

কোর্স কোড : MJBENG08

ক্রেডিট : ৪ লেভেল : ৫ সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম: মঙ্গলকাব্য-শাক্তপদাবলি-গীতিকাসাহিত্য

উদ্দেশ্য : প্রাগাধুনিক পর্বের বাংলা সাহিত্যের বিভিন্ন সাহিত্য সংরূপের (মঙ্গলকাব্য, পদাবলি সাহিত্য ও গীতিকা সাহিত্য) নিবিড় পাঠ্যকেন্দ্রিক সমালোচনা (textual criticism) শিক্ষণের মাধ্যমে পড়ুয়াদের বিষয়কেন্দ্রিক দক্ষতা (core skill) প্রদান এই কোর্সের প্রধান লক্ষ্য।

শিক্ষণপদ্ধতি : একমুখী বক্তৃতা প্রদানের পাশাপাশি উভমুখী প্রশ্নোত্তর ও আলাপ-আলোচনার মাধ্যমে পড়ুয়াদের মধ্যে অনুসন্ধিৎসা জাগিয়ে তোলা হবে।

মূল্যায়ন : লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়মিত মূল্যায়ন করা হবে।

ফলশ্রুতি : প্রাগাধুনিক বিভিন্ন সাহিত্য সংরূপের নিবিড় পাঠের ফলে উপনিবেশ-পূর্ব ভারতীয় জ্ঞান পদ্ধতির (IKS) অংশ হিসেবে সাহিত্যবোধ সঞ্চারিত হবে।

কোর্সের বিবরণ

একক ১(Unit:1) মুকুন্দের চণ্ডীমঙ্গল (১ম খণ্ড)/ ঘনরামের ধর্মমঙ্গল (নির্বাচিত পালা)

একক ২(Unit:2) ভারতচন্দ্রের অন্নদামঙ্গল

একক ৩(Unit:3) শাক্তপদসাহিত্য (সংক্ষিপ্ত তাত্ত্বিক পরিচয় ও বিভিন্ন পর্যায়ের দশটি পদ)

একক ৪(Unit:4) গীতিকাসাহিত্য (যে কোনো একটি ময়মনসিংহগীতিকা ও একটি পশ্চিমবঙ্গগীতিকা)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অণিমা মুখোপাধ্যায়, সতেরো শতকের রাঢ় বাংলার সমাজ ও সাহিত্য
অতুল সুর, আঠারো শতকের বাংলা ও বাঙালি
অরুণকুমার বসু সম্পাদিত, শক্তিগীতি পদাবলি
আশুতোষ ভট্টাচার্য, বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস
জাহ্নবীকুমার চক্রবর্তী, শাক্তপদাবলি ও শক্তিসাহিত্য
দীনেশচন্দ্র সেন, পুর্ব্ববঙ্গগীতিকা (১-২)
নিখিল সুর, আঠারো শতকের বাংলা: রাজনৈতিক চালচিত্র
পীযূষকান্তি মহাপাত্র সম্পাদিত, ধর্মমঙ্গল
ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়-সজনীকান্ত দাস সম্পাদিত, ভারতচন্দ্র গ্রন্থাবলী
শঙ্করীপ্রসাদ বসু, কবি ভারতচন্দ্র
শিবপ্রসাদ ভট্টাচার্য, ভারতচন্দ্র ও রামপ্রসাদ
সুকুমার সেন সম্পাদিত, চণ্ডীমঙ্গল
সুখময় মুখোপাধ্যায়, ময়মনসিংহগীতিকা
সুমঙ্গল রাণা, ষোড়শ শতকের বাঙ্গালা সমাজ ও সাহিত্য

কোর্স নং : ০৯

কোর্স কোড : MJBENG09

ক্রেডিট : ৪ লেভেল : ৫ সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম : উনিশ শতকের কবিতা

উদ্দেশ্য: প্রাগাধুনিক পর্বের সাহিত্যের কাব্যধারাটিকে স্মরণে রেখে কীভাবে আধুনিক পর্বে পরম্পরা ও ব্যক্তি প্রতিভার সমন্বয়ে বাংলা কবিতার আধুনিকীকরণ ঘটল তা শেখানোই এই পাঠ্যসূচির উদ্দেশ্য।

শিক্ষণ পদ্ধতি: একমুখী বক্তৃতার পাশাপাশি কর্মশালার মধ্য দিয়ে পড়ুয়াদের অমিত্রাক্ষর বন্ধে লেখা কবিতার উচ্চারণ ও পঠন বিধি শেখানো হবে।

মূল্যায়ন: লিখিত ও মৌখিক পরীক্ষা নিয়মিত গ্রহণ করা হবে।

ফলশ্রুতি: আধুনিক বাংলা কবিতা পাঠের মাধ্যমে পরীক্ষালব্ধ বোঝাপড়ার (critical understanding) দক্ষতা অর্জিত হবে।

কোর্সের বিবরণ

একক ১(Unit:1) ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতাসংগ্রহ (নির্বাচিত কবিতা)

একক ২(Unit:2) মেঘনাদবধ কাব্য

একক ৩ (Unit:3) বিহারীলাল চক্রবর্তীর সারদামঙ্গল

একক ৪(Unit:4) ঊনবিংশ শতাব্দীর বাংলা গীতিকাব্য (নির্বাচিত কবিতা)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অলোক রায়, উনিশ শতক

গোলাম মুরশিদ, আশার ছলনে ভুলি

অরুণকুমার মুখোপাধ্যায়, ঊনবিংশ শতাব্দীর বাংলা গীতিকাব্য

তারাপদ মুখোপাধ্যায়, আধুনিক বাংলা কাব্য

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, ঈশ্বরচন্দ্র গুপ্তের জীবনচরিত ও কবিত্ব

বিষ্ণুপদ পাণ্ডা, কবি বিহারীলাল চক্রবর্তী ও বাংলা গীতি কবিতার ধারা

শশিভূশণ দাশগুপ্ত, বাংলা সাহিত্যের নবযুগ

সঞ্জীবকুমার বসু, ঈশ্বর গুপ্ত ও বাংলা সাহিত্য

কোর্স নং : ১০

কোর্স কোড : MJBENG10

ক্রেডিট : ৪ লেভেল : ৫ সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম : বিশ শতকের কবিতা

উদ্দেশ্য : বিষয়কেন্দ্রিক দক্ষতা (core skill) প্রদায়ী এই পাঠ্যসূচিতে বিশ শতকের বাংলা কবিতার ধারার মাধ্যমে সমন্বয়ী, রূপান্তরবাদী ও সংকর সাংস্কৃতিক আধুনিকতার প্রতর্কটির অনুধ্যান এই কোর্সের উদ্দেশ্য।

শিক্ষণ পদ্ধতি : একমুখী বক্তৃতার পাশাপাশি শ্রাব্য ও দৃশ্য মাধ্যমের প্রয়োগ ঘটানো হবে।

মূল্যায়ন : লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়মিত মূল্যায়ন করা হবে।

ফলশ্রুতি : বিশ শতকের আধুনিক বাংলা কবিতার পাঠের মাধ্যমে আধুনিক ভারতীয় সংস্কৃতির রূপ বিষয়ে জ্ঞান অর্জন করবে।

কোর্সের বিবরণ

একক ১ (Unit:1) কামিনী রায়, প্রিয়ংবদা দেবী, করুণানিধান বন্দ্যোপাধ্যায়, যতীন্দ্রমোহন বাগচী, সত্যেন্দ্রনাথ দত্ত, যতীন্দ্রনাথ সেনগুপ্ত, মোহিতলাল মজুমদার, নজরুল ইসলাম (নির্বাচিত)

একক ২ (Unit:2) জীবনানন্দ দাশ (ঝরা পালক–নীলিমা; রূপসী বাংলা–ঘুমায়ে পড়িব আমি একদিন, একদিন পৃথিবীর পথে আমি ফলিয়াছি, বনলতা সেন–বনলতা সেন, সুচেতনা, সাতটি তারার তিমির : ঘোড়া, গোধূলি সন্ধির নৃত্য, বিভিন্ন

কোরাস, মহাপৃথিবী–আট বছর আগের একদিন, জার্নাল **১৩৪৬**, আদিম দেবতারা; বেলা অবেলা কালবেলা–মাঘ সংক্রান্তির রাতে, ইতিহাসযান, মহাত্মা গান্ধী)

একক ৩ (Unit:3) অমিয় চক্রবর্তী, সুধীন্দ্রনাথ দত্ত, প্রেমেন্দ্র মিত্র, বুদ্ধদেব বসু, বিষ্ণু দে, সমর সেন (নির্বাচিত)

একক ৪ অরুণ মিত্র, সুভাষ মুখোপাধ্যায়, বীরেন্দ্র চট্টোপাধ্যায়, নীরেন্দ্রনাথ চক্রবর্তী, শঙ্খ ঘোষ, অলোকরঞ্জন দাশগুপ্ত, শক্তি চট্টোপাধ্যায়, সুনীল গঙ্গোপাধ্যায়, বুদ্ধদেব দাশগুপ্ত, ভাস্কর চক্রবর্তী, জয় গোস্বামী (নির্বাচিত)

## নির্বাচিত গ্রন্থপঞ্জি


অমিয় দেব, সুধীন্দ্রনাথ দত্ত

অরুণ সেন, বিষ্ণু দে : এ ব্রতযাত্রায়

অলোকরঞ্জন দাশগুপ্ত-দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, আধুনিক বাংলা কবিতার ইতিহাস

অলোকরঞ্জন দাশগুপ্ত, জীবনানন্দ

অশ্রুকুমার সিকদার, আধুনিক কবিতার দিগ্‌বলয়

দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, জীবনানন্দ দাশ : বিকাশ ও প্রতিষ্ঠার ইতিবৃত্ত

বুদ্ধদেব বসু সম্পাদিত, আধুনিক বাংলা কবিতা

বুদ্ধদেব বসু, কালের পুতুল

দীপ্তি ত্রিপাঠী, আধুনিক বাংলা কাব্য পরিচয়

শিশিরকুমার দাশ, ফুলের ফসল

সঞ্জয় ভট্টাচার্য, জীবনানন্দ

সরোজ বন্দ্যোপাধ্যায়, বাংলা কবিতায় কালান্তর

সুব্রত সিনহা, আধুনিকতার কাব্যতত্ত্ব ও সুধীন্দ্রনাথ দত্ত

সুমিতা চক্রবর্তী, কবিতার অন্তরঙ্গ পাঠ

Buddhadev Bose, An Acre of Green Grass

Lila Ray, A Challenging Decade

# সেমেস্টার ৫ (তৃতীয় বর্ষ)

কোর্স নম্বর : ১১

কোর্স কোড: MJBENG11

ক্রেডিট : ৪ লেভেল : ৫.৫ সময় : ৬০ ঘণ্টা

কোর্স-এর নাম : বাংলা উপন্যাস

উদ্দেশ্য : এই কোর্সের লক্ষ্য হল উনিশ শতক থেকে বর্তমান সময়কাল পর্যন্ত বিভিন্ন সাহিত্যিক নমুনার মাধ্যমে বাংলা উপন্যাসের বিবর্তন সম্পর্কে ছাত্রছাত্রীদের একটি বিস্তৃত ধারণা দেওয়া। ছাত্রছাত্রীরা বিভিন্ন আখ্যান-শৈলী ও বিষয়-প্রকরণের পাশাপাশি সামাজিক-রাজনৈতিক এবং সাংস্কৃতিক পটভূমি সম্পর্কে ধারণা তৈরি করতে পারবে। এই কোর্সটি সমালোচনামূলক পাঠ, তুলনামূলক বিশ্লেষণ এবং সাংস্কৃতিক ব্যাখ্যার উপর গুরুত্ব দেবে।

পাঠদানের পদ্ধতি : এই কোর্সটি সমালোচনামূলক ও প্রসঙ্গ-নির্ভর বিশ্লেষণকে পাঠপদ্ধতি হিসেবে গ্রহণ করবে; নিবিড় পাঠ-কৌশল ও শিক্ষার্থীকেন্দ্রিক দৃষ্টিভঙ্গির মাধ্যমে বাংলা উপন্যাস নিয়ে গভীরভাবে অনুসন্ধান ও অনুধাবনের পরিসর গড়ে তোলার সুযোগ থাকবে।

ধারাবাহিক মূল্যায়ন : এই কোর্সটিতে ছাত্রছাত্রীদের অগ্রগতি নিয়মিতভাবে যাচাই করা হবে ও আরও বিশদে শেখার জন্য একটি নিরবিচ্ছিন্ন মূল্যায়ন পদ্ধতি অনুসরণ করা হবে। যার মধ্যে ক্লাসে সক্রিয় অংশগ্রহণ, পাঠ-নির্ভর প্রতিক্রিয়া, দলগত উপস্থাপনা, লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা অন্তর্ভুক্ত থাকবে।

ফলশ্রুতি : কোর্সটি শেষ করার পর ছাত্রছাত্রীরা বাংলা সাহিত্যের বিভিন্ন সময়পর্বের গুরুত্বপূর্ণ উপন্যাসের সমালোচনামূলক বিশ্লেষণ করতে শিখবে। এ ছাড়াও, তারা সৃজনশীল সাহিত্যপাঠের বিশ্লেষণ ও ব্যাখ্যায় দক্ষতা অর্জন করবে।

কোর্সের বিবরণ

একক ১(Unit:1) রোমান্স ও ঐতিহাসিক উপন্যাস: কপালকুণ্ডলা/ মহারাষ্ট্র জীবন প্রভাত/ রাজসিংহ/ তুঙ্গভদ্রার তীরে

একক ২(Unit:2) সামাজিক ও মনস্তাত্ত্বিক উপন্যাস: কাহাকে/ অসময়/ পুতুলনাচের ইতিকথা / প্রথম প্রতিশ্রুতি

একক ৩(Unit:3) গোষ্ঠীজীবনের উপন্যাস: আরণ্যক/ ঢোঁড়াই চরিত মানস/ হাঁসুলী বাঁকের উপকথা/ তিতাস একটি নদীর নাম

একক ৪(Unit:4) রাজনৈতিক উপন্যাস: পথের দাবী/ একদা/ শ্রীমতী কাফে/ হাজার চুরাশির মা

নির্বাচিত গ্রন্থপঞ্জি


অজিতকুমার ঘোষ, শরৎচন্দ্রের জীবনী ও সাহিত্য বিচার

অমিতাভ দাস, আখ্যানতত্ত্ব

অমিয়রতন ধর, গোপাল হালদার: জীবন ও সাহিত্য

অরুণ সেন (সম্পাদিত), বিভূতিভূষণ: আধুনিক জিজ্ঞাসা

অরুণকুমার মুখোপাধ্যায়, কালের প্রতিমা

অলোক রায়, কালান্তরের কথাকার তারাশঙ্কর

অশ্রুকুমার সিকদার, আধুনিকতা ও বাংলা উপন্যাস

উজ্জ্বলকুমার মজুমদার (সম্পাদিত), শরৎচন্দ্র : দেশ কাল সাহিত্য

কিশলয় ঠাকুর, পথের কবি, আনন্দ

ক্ষেত্র গুপ্ত, বাংলা উপন্যাসের ইতিহাস (১,৩,৪)

গোপালচন্দ্র রায়, বঙ্কিমচন্দ্র : জীবন ও সাহিত্য

গোপিকানাথ রায়চৌধুরী, বিভূতিভূষণ: মন ও শিল্প

গোপিকানাথ রায়চৌধুরী, মানিক বন্দ্যোপাধ্যায়: জীবনদৃষ্টি ও শিল্পরীতি

পার্থপ্রতিম বন্দ্যোপাধ্যায়, বিভূতিভূষণের কথাশিল্প

প্রদ্যুম্ন ভট্টাচার্য (সম্পাদিত), তারাশঙ্কর : ব্যক্তিত্ব ও সাহিত্য

প্রফুল্লকুমার দাশগুপ্ত, উপন্যাস-সাহিত্যে বঙ্কিম

ভবতোষ দত্ত, বঙ্কিমচন্দ্রের উপন্যাস

শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা

সত্যেন্দ্রনাথ রায়, বাংলা উপন্যাস ও তার আধুনিকতা

সরোজ বন্দ্যোপাধ্যায়, বাংলা উপন্যাসের কালান্তর

সুতপা ভট্টাচার্য, কথাসাহিত্যের একলা পথিক : বিভূতিভূষণ
সুনীলকুমার চট্টোপাধ্যায়, বিভূতিভূষণ : জীবন ও সাহিত্য
সুবোধচন্দ্র সেনগুপ্ত (সম্পাদিত), বঙ্কিম সাহিত্যের ভূমিকা
সুরেশচন্দ্র মৈত্র (সম্পাদিত), শরৎ-সাহিত্যের ভূমিকা

কোর্স নং : ১২

কোর্স কোড : MJBENG12

ক্রেডিট : ৪, লেভেল : ৫.৫, সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম : বাংলা ছোটোগল্প

উদ্দেশ্য : বিষয়কেন্দ্রিক দক্ষতা নির্ভর এই পাঠ্যসূচিতে বাংলা ছোটোগল্পের পঠন-পাঠনের মাধ্যমে আধুনিক বঙ্গজ সমাজের সাংস্কৃতিক আত্মপরিচয় সম্বন্ধে পর্যবেক্ষণ নির্ভর জ্ঞান লাভ করবে।

শিক্ষণপদ্ধতি : একমুখী বক্তৃতার পাশাপাশি দৃশ্য ও শ্রাব্য মাধ্যমের ব্যবহার করা হবে। পড়ুয়াদের কল্পনা-শক্তি ও বাস্তব-বোধের অনুশীলনের উপযুক্ত পদ্ধতি প্রয়োগ করা হবে।

মূল্যায়ন লিখিত পরীক্ষা, মৌখিক পরীক্ষা এবং নিবন্ধ উপস্থাপনের মাধ্যমে ধারাবাহিক ভাবে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হবে।

ফলশ্রুতি : এই কোর্সটিতে শিক্ষার্থীরা বাংলা ছোটোগল্প বিশ্লেষণের পাঠমূলক পদ্ধতি অর্জন করবে।

কোর্স

একক ১ (Unit : 1) প্রভাতকুমার মুখোপাধ্যায়, পরশুরাম, জগদীশ গুপ্ত, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, প্রেমেন্দ্র মিত্র, মানিক বন্দ্যোপাধ্যায়, সুবোধ ঘোষ (যে-কোনো পাঁচজনের নির্বাচিত গল্প)

একক ২ (Unit : 2) বনফুল, সতীনাথ ভাদুড়ী, আশাপূর্ণা দেবী, নরেন্দ্রনাথ মিত্র, নারায়ণ গঙ্গোপাধ্যায়, সন্তোষকুমার ঘোষ, বিমল কর, সমরেশ বসু, মহাশ্বেতা দেবী (যে-কোনো পাঁচজনের নির্বাচিত গল্প)

একক ৩ (Unit : 3) শ্যামল গঙ্গোপাধ্যায়, দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, সৈয়দ মুস্তাফা সিরাজ, দেবেশ রায়, সন্দীপন চট্টোপাধ্যায়, জ্যোতিরিন্দ্র নন্দী, অতীন বন্দ্যোপাধ্যায়, শীর্ষেন্দু মুখোপাধ্যায়, মতি নন্দী, (যে-কোনো পাঁচজনের নির্বাচিত গল্প)

একক ৪ (Unit : 4) সত্যজিৎ রায়, অভিজিৎ সেন, অমর মিত্র, সাধন চট্টোপাধ্যায়, ভগীরথ মিশ্র, স্বপ্নময় চক্রবর্তী, রামকুমার মুখোপাধ্যায় (যে-কোনো পাঁচজনের নির্বাচিত গল্প)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

অরুণকুমার মুখোপাধ্যায়, কালের পুত্তলিকা বাংলা ছোটগল্পের একশ বছর

জগদীশ ভট্টাচার্য, আমার কালের কয়েকজন কথাশিল্পী

নারায়ণ গঙ্গোপাধ্যায়, সাহিত্যে ছোট গল্প

শিশিরকুমার দাশ, বাংলা ছোটগল্প

ভূদেব চৌধুরী, বাংলা সাহিত্যে ছোটগল্প ও গল্পকার

কোর্স নম্বর : ১৩

কোর্স কোড: MJBENG13

ক্রেডিট : ৪ লেভেল : ৫.৫ সময়: ৬০ ঘণ্টা

**কোর্সের নাম:** বাংলা নাটক

উদ্দেশ্য : এই কোর্সটি বাংলা ভাষা ও সাহিত্যের শিক্ষার্থীর জন্য এভাবেই তৈরি করা হয়েছে যাতে তারা ঔপনিবেশিক যুগ থেকে সমকালীন সময় পর্যন্ত বাংলা নাটকের বিকাশ ও অগ্রগতির দিকটি গভীরভাবে অনুধাবন করতে পারে। কোর্সটিতে সমালোচনামূলক বিশ্লেষণ, মঞ্চনির্ভর ব্যাখ্যা এবং সাংস্কৃতিক প্রেক্ষাপটের উপর গুরুত্ব দেওয়া হয়েছে, শিক্ষার্থীরা বাংলা নাটককে একটি পরিবর্তনশীল সাহিত্যরূপ এবং সামাজিক-সাংস্কৃতিক ভাষ্যের একটি শক্তিশালী মাধ্যম হিসেবে দেখতে শিখবে।

পাঠদানের পদ্ধতি : এই কোর্সে এমন একটি শিক্ষণপদ্ধতি অনুসরণ করা হয়েছে, যেখানে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ ও বিশ্লেষণধর্মী চিন্তার উপর গুরুত্ব দেওয়া হয়। নিবিড় পাঠের

সঙ্গে শিক্ষার্থীকেন্দ্রিক পদ্ধতির সংমিশ্রণে বাংলা নাটক সম্পর্কে তাদের মনোযোগ ও বোঝাপড়া আরও গভীর হয়ে উঠবে।

মূল্যায়ন : ধারাবাহিক মূল্যায়নের অংশ হিসেবে শ্রেণিকক্ষে সক্রিয় অংশগ্রহণ, দলগত উপস্থাপনার পাশাপাশি লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা নেওয়া হবে। যার মধ্যমে বাংলা নাটক বিশ্লেষণে ছাত্র-ছাত্রীদের দক্ষতার যথার্থ মূল্যায়ন সম্ভব হবে।

ফলশ্রুতি : কোর্সটির শেষে শিক্ষার্থীরা বাংলা নাটককে সম্যকভাবে বিশ্লেষণ করতে পারবে এবং নাটকগুলির ঐতিহাসিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট বুঝতে শিখবে। এর পাশাপাশি নাটক ও তার মঞ্চায়নের পারস্পরিক সম্পর্ক অনুধাবন করতে সমর্থ হবে।

কোর্সের বিবরণ

| | |
|---|---|
| একক ১(Unit:1) | কৃষ্ণকুমারী / নীলদর্পণ / জনা |
| একক ২(Unit:2) | নুরজাহান / কারাগার / নবান্ন |
| একক ৩(Unit:3) | চাঁদ বণিকের পালা / টিনের তলোয়ার / এবং ইন্দ্রজিৎ |
| একক ৪ (Unit:4) | কণ্ঠনালীতে সূর্য / নরক গুলজার / নাথবতী অনাথবৎ |

**নির্বাচিত গ্রন্থপঞ্জি**

অজিতকুমার ঘোষ, বাংলা নাটকের ইতিহাস

অবিনাশচন্দ্র গঙ্গোপাধ্যায়, গিরিশচন্দ্র

অরূপ মুখোপাধ্যায়, উৎপল দত্ত : জীবন ও সৃষ্টি, ন্যাশনাল বুক ট্রাস্ট

আশুতোষ ভট্টাচার্য, বাংলা নাট্যসাহিত্যের ইতিহাস (প্রথম খণ্ড ও দ্বিতীয় খণ্ড)

উৎপল দত্ত, গিরিশ-মানস

কুমার রায়, শম্ভু মিত্র : নির্মাণ ও সৃজন

জগন্নাথ ঘোষ, শম্ভু মিত্রের নাট্যচর্চা

জয়তী ঘোষ, মন্মথ রায় : জীবন ও সৃজন

দর্শন চৌধুরী, গণনাট্য আন্দোলন

দর্শন চৌধুরী, টিনের তলোয়ার নিয়ে

দর্শন চৌধুরী, থিয়েটারওয়ালা উৎপল দত্ত

দর্শন চৌধুরী, নাট্যব্যক্তিত্ব বাদল সরকার

পবিত্র সরকার, নাটমঞ্চ নাট্যরূপ

বাদল সরকার, থিয়েটারের ভাষা ও অন্যান্য

মন্দিরা রায়, বিজন ভট্টাচার্যের নাট্যকর্ম ও সমকালীন প্রেক্ষিত

মুকুল বন্দ্যোপাধ্যায় (সম্পাদিত), সময়ের অময়ে আঁধারে: মনোজ মিত্র

রথীন্দ্রনাথ রায়, দ্বিজেন্দ্রলাল: কবি ও নাট্যকার

শাঁওলি মিত্র, শম্ভু মিত্র: বিচিত্র জীবন পরিক্রমা

শাঁওলী মিত্র, দিদৃক্ষা

সুরেশচন্দ্র মৈত্র, বাংলা নাটকের বিবর্তন

সুরেশচন্দ্র মৈত্র, মাইকেল মধুসূদন দত্ত : জীবন ও সাহিত্য

## সেমেস্টার ৬ (তৃতীয় বর্ষ)

কোর্স নং : ১৪

কোর্স কোড: MJMENG14

ক্রেডিট : ৪ লেভেল : ৫.৫ সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম : রবীন্দ্রনাথ–উপন্যাস ও গল্প

উদ্দেশ্য : রবীন্দ্রনাথের সৃজনশীল ভারতীয় মন কীভাবে দেশজ অভিজ্ঞতা ও পাশ্চাত্যের হাতফেরতা আধুনিক সাংস্কৃতিক অভিপ্রায়ের মধ্যে সমন্বয় সাধন করেছিল, দূরত্ব বজায় রেখেছিল তার নিরীক্ষা-মুলক নিবিড় অধ্যয়নই এই বিষয়কেন্দ্রিক দক্ষতা অর্জন কল্পে নির্মিত কোর্সটির উদ্দেশ্য।

শিক্ষণপদ্ধতি : বিশ্লেষণাত্মকভাবে রবীন্দ্রউপন্যাস ও গল্পের সমালোচনা, তার শৈলীগত কলাকৌশলের পর্যালোচনা এবং যথাযথ ঐতিহাসিক পটভূমিকায় এই রচনাগুলি স্থাপন করার মধ্যে দিয়েই শিক্ষণপদ্ধতি নির্ধারণ করা হবে। প্রাসঙ্গিক চলচ্চিত্র ও নাট্যরূপের কথাও উল্লেখিত হবে।

মূল্যায়ন : নিয়মিতভাবে ক্লাসে বিশ্লেষণের মাধ্যমে ছাত্রছাত্রীর অগ্রগতি সম্পর্কে দৃষ্টি রাখা হবে এবং সেই অনুসারে মূল্যায়ন হবে। লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা উভয় রীতিই ব্যবহার করা হবে।

ফলশ্রুতি : রবীন্দ্রনাথের গল্প ও উপন্যাসের মধ্যে দিয়ে একদিকে যেমন রবীন্দ্রনাথ সম্পর্কে একটি পূর্ণাঙ্গ ধারণা তৈরি হবে, অন্যদিকে তেমনই উপন্যাস ও ছোটোগল্প পড়বার পদ্ধতিও আয়ত্ত হবে।

কোর্স

| | |
|---|---|
| একক ১(Unit:1) | চোখের বালি/ গোরা/ চতুরঙ্গ |
| একক ২(Unit:2) | ঘরে-বাইরে/ চার অধ্যায়/ শেষের কবিতা |
| একক ৩(Unit:3) | গল্পগুচ্ছ (নির্বাচিত) |
| একক ৪(Unit:4) | গল্পসল্প, সে, লিপিকা (নির্বাচিত) |

নির্বাচিত গ্রন্থপঞ্জি


অমরেশ দাশ, রবীন্দ্রনাথের উপন্যাস: নবমূল্যায়ন

গোপিকানাথ রায়চৌধুরী, রবীন্দ্রউপন্যাসের নির্মাণ শিল্প

জলি সেনগুপ্ত বন্দ্যোপাধ্যায়, বাংলা মহাকাব্যিক উপন্যাস

তপোব্রত ঘোষ, শ্রীবিলাসের ডায়ারি

তপোব্রত ঘোষ, গোরা আর বিনয়

তপোব্রত ঘোষ,রবীন্দ্র ছোটোগল্পের শিল্পরূপ

বুদ্ধদেব বসু, রবীন্দ্রনাথ , কথাসাহিত্য

শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা,

সরোজ বন্দ্যোপাধ্যায়,  বাংলা উপন্যাসের কালান্তর

সুতপা ভট্টাচার্য, রবীন্দ্রনাথের কথাসাহিত্যে নারী

সৈয়দ আকরম হোসেন,  রবীন্দ্রনাথের উপন্যাস: চেতনালোক ও শিল্পরূপ

কোর্স নং : ১৫

কোর্স কোড : MJBENG15

ক্রেডিট : ৪ লেভেল : ৫.৫ সময় :  ৬০ ঘণ্টা

কোর্সের নাম: রবীন্দ্রসাহিত্য : কাব্য ও নাটক

উদ্দেশ্য : রবীন্দ্রনাথের কবিতার মধ্যে ভাষা-ছন্দ-ভাব এই তিনের যে বিচিত্র সমাবেশ দেখা যায় তার পরিচয় প্রদানের মাধ্যমে ঔপনিবেশিক ব্যবস্থার অনুষঙ্গে প্রতিভাবান ভারতীয়ের মননের স্বাধিকার চর্চার বৌদ্ধিক ইতিহাস সম্বন্ধে পড়ুয়াদের সচেতন করে তোলাই এই কোর্সের উদ্দেশ্য। পাশাপাশি রবীন্দ্রনাটক কীভাবে পাশ্চাত্য থিয়েটারের মঞ্চরূপকে ভারতীয় জ্ঞান পদ্ধতির (IKS) প্রজ্ঞায় অস্বীকার করেছিল সে-বিষয়েও নিরীক্ষামূলক পদ্ধতিতে পর্যালোচনা করা এই বিষয়কেন্দ্রিক দক্ষতা সঞ্চারকারী পাঠক্রমের উদ্দেশ্য।

শিক্ষণপদ্ধতি : রবীন্দ্রকবিতার নিবিড় পাঠ ও তার বিশ্লেষণের জন্য উপযুক্ত সমালোচনামূলক শিক্ষণ পদ্ধতি অনুসরণ করা হবে। কবিতা ও নাটক উভয় ক্ষেত্রেই দৃশ্য ও শ্রাব্য মাধ্যমের সাহায্য নেওয়া হবে।

মূল্যায়ন : মৌখিক ও লিখিত পরীক্ষার মধ্য দিয়ে ধারাবাহিক ভাবে পড়ুয়াদের মূল্যায়ন করা হবে।

ফলশ্রুতি : কবিতা ও নাটক এই দুই সংরূপ সম্বন্ধে তাত্ত্বিক ও প্রায়োগিক জ্ঞান অর্জন করবে।

কোর্সের বিবরণ

একক ১ (Unit:1) সঞ্চয়িতা (নির্বাচিত)

একক ২ (Unit:2) সোনার তরী / বলাকা / পুনশ্চ (নির্বাচিত)

একক ৩ (Unit:3) ডাকঘর/ মুক্তধারা/ রক্তকরবী

একক ৪(Unit:4) বিসর্জন/ চণ্ডালিকা (গদ্যনাট্য)/ চিরকুমার সভা

নির্বাচিত গ্রন্থপঞ্জি

ক্ষিতিমোহন সেন, বলাকা কাব্য-পরিক্রমা

খনা মুখোপাধ্যায়, রবীন্দ্রনাথের শেষ পর্যায়ের কাব্য

জগদীশ ভট্টাচার্য, রবীন্দ্রকবিতাশতক

প্রমথনাথ বিশী, রবীন্দ্রকাব্য প্রবাহ

প্রমথনাথ বিশী, রবীন্দ্রনাট্যপ্রবাহ

বাসন্তী চক্রবর্তী, রবীন্দ্রকাব্যের শেষ পর্যায়

শঙ্খ ঘোষ, কালের মাত্রা ও রবীন্দ্রনাটক

শিশিরকুমার ঘোষ, রবীন্দ্রনাথের উত্তরকাব্য

সোমেন্দ্রনাথ বসু, রবীন্দ্রনাটকে ট্রাজেডি

কোর্স নং : ১৬

কোর্স কোড : MJBENG16

ক্রেডিট : ৪ লেভেল : ৫.৫ সময় :  ৬০ ঘণ্টা

কোর্সের নাম : রবীন্দ্রসাহিত্য : প্রবন্ধ, পত্র ও স্মৃতিকথা

উদ্দেশ্য : প্রবন্ধ, পত্র ও স্মৃতিকথায় রবীন্দ্রনাথের ব্যক্তিসত্তা কীভাবে ঔপনিবেশিক আধুনিকতার সঙ্গে বোঝাপড়ার সূত্রে ভারতবর্ষীয় স্বাজাত্যের সম্প্রসারণ ও সাংস্কৃতিক সম্মিলন ঘটাতে সমর্থ হয়েছিল তারই অনুধ্যান এই বিষয়কেন্দ্রিক দক্ষতা-প্রদায়ী পাঠ্যসূচির উদ্দেশ্য।

শিক্ষণপদ্ধতি : একমুখী বক্তৃতা প্রদানের পাশাপাশি দৃশ্য ও শ্রাব্য মাধ্যমের সাহায্য গ্রহণ করা হবে।

মূল্যায়ন : নিয়মিতভাবে ক্লাসে বিশ্লেষণের মাধ্যমে ছাত্রছাত্রীর অগ্রগতি সম্পর্কে দৃষ্টি রাখা হবে এবং সেই অনুসারে মূল্যায়ন হবে। লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা উভয় রীতিই ব্যবহার করা হবে।

ফলশ্রুতি : ঔপনিবেশিক ভারতীয় সমাজের ইতিহাসের সাহিত্যাশ্রিত পাঠের মাধ্যমে বর্তমান সাংস্কৃতিক আধিপত্যকামী পরিবেশের বিরুদ্ধে মানবিক মূল্যবোধের সঞ্চার ঘটাবে।

**কোর্সের বিবরণ**

একক ১(Unit:1) পঞ্চভূত, প্রাচীন সাহিত্য, লোকসাহিত্য (নির্বাচিত)

একক ২(Unit:2) আত্মশক্তি, রাশিয়ার চিঠি, কালান্তর (নির্বাচিত)

একক ৩(Unit:3) সাহিত্য, আধুনিক সাহিত্য, সাহিত্যের পথে (নির্বাচিত)

একক ৪ (Unit:4) চারিত্রপূজা, ছিন্নপত্রাবলী, জীবনস্মৃতি (নির্বাচিত)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

সত্যেন্দ্রনাথ রায়, রবীন্দ্রনাথের চিন্তাজগৎ
গৌতম ভট্টাচার্য, শ্লীলতা অশ্লীলতা রবীন্দ্রনাথ
সত্যেন্দ্রনাথ রায়, সাহিত্যতত্ত্বে রবীন্দ্রনাথ
সত্যেন্দ্রনাথ রায়, সাহিত্য সমালোচনায় বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ
সোমেন্দ্রনাথ বসু, নাস্তিকতা ও রবীন্দ্রনাথ
অনন্যা সেনগুপ্ত, সামাজিক ও সাহিত্যিক বিতর্কে রবীন্দ্রনাথ
অসিতকুমার বন্দ্যোপাধ্যায়, সাহিত্যজিজ্ঞাসায় রবীন্দ্রনাথ

## সেমেস্টার ৭ (চতুর্থ বর্ষ)

কোর্স নং : ১৭

কোর্স কোড : MJBENG17

ক্রেডিট : ৪ লেভেল : ৬ সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম : সাহিত্যতত্ত্ব

উদ্দেশ্য : প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্বের পাঠদানের মাধ্যমে সাহিত্য-সমালোচনার বিশেষ দক্ষতা পড়ুয়াদের মধ্যে সঞ্চারিত করাই এই পাঠ্যসূচির উদ্দেশ্য। ভারতীয় জ্ঞান পদ্ধতির ধারণা (IKS) ভারতীয় কাব্যতত্ত্ব পাঠের সময় স্পষ্ট হবে।

শিক্ষণ পদ্ধতি : একমুখী বক্তৃতা-পদ্ধতির পাশাপাশি আলাপ-আলোচনার মাধ্যমে পাঠদান করা হবে। ভারতীয় জ্ঞানতন্ত্র (IKS)-এর ‘বৈচারিকতা’ও ‘পরিপ্রশ্ন’ এই ভাবনাকে শিক্ষণপদ্ধতির অন্তর্গত করা হবে।

মূল্যায়ন : মৌখিক ও লিখিত এই দুই পদ্ধতিতে ধারাবাহিকভাবে পড়ুয়াদের মূল্যায়ন করা হবে।

ফলশ্রুতি : ধ্রুপদি ভারতীয় তর্ক-পদ্ধতি অনুশীলিত হওয়ার ফলে বৈচারিক জ্ঞান বৃদ্ধি পাবে।

একক ১ (Unit:1) ভারতীয় কাব্যতত্ত্ব (রস, অলংকার, কাব্যগুণ ও কাব্যদোষ, রীতি, বক্রোক্তি, ধ্বনি)

একক ২(Unit:2) অ্যারিস্টটল, হোরেস, লন্‌জাইনাস-এর সাহিত্যতত্ত্ব সম্বন্ধীয় ভাবনার সাধারণ পরিচয় (তাঁদের রচনার নির্বাচিত অংশের পাঠের সূত্রে), লিরিক্যাল ব্যালাডসের মুখবন্ধ (উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থের ‘প্রিফেস টু লিরিক্যাল ব্যালাডস’— বিভিন্ন সংস্করণের পাঠের তুলনা)

একক ৩ (Unit:3) বৈষ্ণব রসতত্ত্ব (উজ্জ্বলনীলমণির নির্বাচিত অংশ)

একক ৪ (Unit:4) আধুনিক সমালোচনাতত্ত্ব (জীবনীমূলক সাহিত্য পাঠ-পদ্ধতি, তুলনামূলক সাহিত্য পাঠ-পদ্ধতি, ঐতিহাসিক সাহিত্য-পাঠ পদ্ধতি, প্রত্নপ্রতিমাবাদী সাহিত্য পাঠ-পদ্ধতি, ‘লেখকের মৃত্যু’ ও ‘পাঠক-প্রতিক্রিয়া’-তত্ত্ব, অবিনির্মাণ)

নির্বাচিত গ্রন্থপঞ্জি


অবন্তীকুমার সান্যাল, ভারতীয় কাব্যতত্ত্ব

কৃষ্ণা শিঞ্জিনী দেব (অনূদিত), প্রিফেস টু লিরিক্যাল ব্যালাডস: উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ

গোপীনাথ কবিরাজ, সাহিত্যচিন্তা

রাধাগোবিন্দ নাথ, গৌড়ীয় বৈষ্ণবদর্শন

শিশিরকুমার দাশ, কাব্যতত্ত্ব

সুধীরকুমার দাশগুপ্ত, কাব্যালোক

## কোর্স নং : ১৮

## কোর্স কোড : MJBENG18

**ক্রেডিট : ৪ লে**ভেল : ৬ সময় : ৬০ ঘণ্টা

## কোর্সের নাম : প্রবন্ধসাহিত্য

উদ্দেশ্য : বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারাবাহিক পাঠের মধ্য দিয়ে বাংলা ভাষায় বৈচারিক সামর্থ্য প্রকাশের ইতিহাসনিষ্ঠ পাঠ এই বিষয়কেন্দ্রিক দক্ষতাপ্রদায়ী পাঠ্যসূচির লক্ষ্য।

শিক্ষণ পদ্ধতি : একমুখী বক্তৃতা পদ্ধতির পাশাপাশি প্রবন্ধ লিখনের কর্মশালার মাধ্যমে পড়ুয়াদের সঙ্গে সহযোগী সংযোগ স্থাপন করা হবে।

মূল্যায়ন : মৌখিক ও লিখিত পরীক্ষার মাধ্যমে ধারাবাহিক ভাবে মূল্যায়ন করা হবে।

ফলশ্রুতি : বাংলা ভাষায় বৈচারিক সামর্থ্য প্রকাশের দক্ষতা অর্জিত হবে।

কোর্সের বিবরণ

একক ১ (Unit : 1) রামমোহন রায়, অক্ষয়কুমার দত্ত, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, ভূদেব মুখোপাধ্যায় (প্রত্যেকের একটি করে প্রবন্ধ)

একক ২ (Unit : 2) হরপ্রসাদ শাস্ত্রী, স্বামী বিবেকানন্দ, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, প্রমথ চৌধুরী, বলেন্দ্রনাথ ঠাকুর, (প্রত্যেকের একটি করে প্রবন্ধ)

একক ৩ (Unit : 3) ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়, অন্নদাশঙ্কর রায়, সৈয়দ মুজতবা আলী, গোপাল হালদার, বুদ্ধদেব বসু (প্রত্যেকের একটি করে প্রবন্ধ)

একক ৪ (Unit : 4) শিবনারায়ণ রায়, অম্লান দত্ত, গৌরকিশোর ঘোষ, অশোক মিত্র, শঙ্খ ঘোষ (প্রত্যেকের একটি করে প্রবন্ধ)

### নির্বাচিত গ্রন্থপঞ্জি

অধীর দে, আধুনিক বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারা

অভ্র ঘোষ (সম্পা.), দুই শতাব্দীর বাংলা প্রবন্ধ সাহিত্য

আশীষ লাহিড়ী, আঁধার রাতের একলা পথিক

অরুণকুমার মুখোপাধ্যায়, বাংলা সমালোচনার ইতিহাস

অরুণকুমার মুখোপাধ্যায়, বাংলা গদ্যরীতির ইতিহাস

তপন রায়চৌধুরী, ইউরোপ পুনর্দর্শন

দিলীপকুমার বিশ্বাস, রামমোহন সমীক্ষা

বিনয় ঘোষ, বাংলার বিদ্বৎসমাজ

পবিত্র সরকার, গদ্যরীতি পদ্যরীতি

প্রমথনাথ বিশী, বাংলা গদ্যের পদাঙ্ক

কোর্স : **১৯**

কোর্স কোড : **MJBENG19**

ক্রেডিট : ৪ লেভেল : ৬ সময় : ৬০ ঘণ্টা

কোর্সের নাম : মানবীবিদ্যা : সামাজিক লিঙ্গরূপ এবং বাংলা সাহিত্য

**উদ্দেশ্য** : লিঙ্গ রাজনীতির বিরুদ্ধে সাংস্কৃতিক ও সামাজিক স্তরে লিঙ্গপরিচয়গত সংবেদনশীলতা জাগিয়ে তোলা ও ভারতীয় জ্ঞানতন্ত্রের(IKS) লিঙ্গবিচার সম্বন্ধে ইতিহাস নিষ্ঠ ধারণার মাধ্যমে নারীবাদের পাঠদান এই বিশেষ এবং অনুষঙ্গিক দক্ষতা প্রদায়ী পাঠক্রমের উদ্দেশ্য।

**শিক্ষণপদ্ধতি** : সমালোচনামূলক ও প্রাসঙ্গিক বিশ্লেষণসূত্রে নির্বাচিত পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা সাহিত্যের বিষয় ও বিষয়ী হিসেবে 'নারী-র অবস্থান সম্পর্কে জানবে।

**মূল্যায়ন** : মূলত মৌখিক ও লিখিত পরীক্ষার মাধ্যমে ধারাবাহিকভাবে মূল্যায়ন করা হবে।

**ফলশ্রুতি** : সামাজিক স্তরে লিঙ্গবৈষম্য দূরীকরণের জন্য যে মূল্যবোধ প্রয়োজনীয় তা অর্জন করবে।

**কোর্সের বিবরণ :**

একক **১**(Unit:1) সামাজিক লিঙ্গরপের ধারণা

I. প্রাচীন ভারতে নারী (ক্ষিতিমোহন সেন ও সুকুমারী ভট্টাচার্যের নির্বাচিত প্রবন্ধ)

II. মধ্যযুগে নারী (আনিসুজ্জামান ও নবনীতা দেবসেনের নির্বাচিত প্রবন্ধ)

একক ২(Unit : 2) আধুনিক পর্বে বঙ্গনারীর অবস্থান ও লিঙ্গরাজনীতি

আমার কথা: বিনোদিনী দাসী/ পাকদণ্ডী: লীলা মজুমদার/ সেদিনের কথা: মণিকুন্তলা সেন

প্রবন্ধ: কৈলাসবাসিনী দেবী, স্বর্ণকুমারী দেবী, সরলাবালা দেবী, বেগম রোকেয়া (একটি করে প্রবন্ধ)

একক ৩ (Unit : 3) কবিতা (অপরাজিতা, কবিতা সিংহ, গীতা চট্টোপাধ্যায়, দেবারতি মিত্র, মল্লিকা সেনগুপ্ত, তসলিমা নাসরিন– **১**টি করে কবিতা)

একক ৪ (Unit : 4) গল্প (জ্যোতির্ময়ী দেবী, আশাপূর্ণা দেবী, আশালতা সিংহ, সুলেখা সান্যাল, জয়া মিত্র, অনিতা অগ্নিহোত্রী– **১**টি করে গল্প)

নির্বাচিত গ্রন্থপঞ্জি

ক্ষিতিমোহন সেন, প্রাচীন ভারতে নারী

পুলক চন্দ, নারীবিশ্ব

শম্ভুনাথ গঙ্গোপাধ্যায়, মধ্যযুগের বাংলা কাব্যে নারীচরিত্র

সুকুমারী ভট্টাচার্য, রচনাসমগ্র (১-৫)

সুতপা ভট্টাচার্য, বাঙালি মেয়ের ভাবনামূলক গদ্য

যশোধরা বাগচী, ভারতীয় নারী : মিথ ও বাস্তবতা

রত্নাবলী চট্টোপাধ্যায়-গৌতম নিয়োগী সম্পাদিত, ভারত-ইতিহাসে নারী

(তৃতীয় বর্ষ পর্যন্ত যে-সব ছাত্রছাত্রী CGPA ৭৫% এর কম নম্বর পাবে অথবা ৭৫% পেয়েও অনার্স উইথ রিসার্চ ডিগ্রিতে আগ্রহী নয়,, তাদের সেমেস্টার ৭-এ একটি কোর্স এবং সেমেস্টার ৮-এ দুটি কোর্স পড়তে হবে। নীচে সেমেস্টার ৭-এর কোর্সটি দেওয়া হল)

কোর্স নং : ২০

কোর্স কোড : MJBENG20

ক্রেডিট : ৪ লেভেল : ৬  সময় :  ৬০ ঘণ্টা

কোর্সের নাম : বাংলা ক্রীড়াসাহিত্য

উদ্দেশ্য : জনপ্রিয় সাহিত্য পাঠের মাধ্যমে বাংলা ভাষার ব্যবহারিক ক্ষেত্রের সঙ্গে পরিচিতি লাভ ও বাংলা ভাষার বিস্তৃত প্রয়োগ সম্বন্ধে সাধারণ ধারণা লাভই এই বিশেষ দক্ষতা প্রদায়ী পাঠক্রমের উদ্দেশ্য।

শিক্ষণ পদ্ধতি : একমুখী বক্তৃতার পাশাপাশি কর্মশালাকেন্দ্রিক ক্ষেত্রসমীক্ষা ভিত্তিক শিক্ষণ-পদ্ধতি অনুসরণ করা হবে।

মূল্যায়ন :    মৌখিক ও লিখিত পরীক্ষা ধারাবাহিকভাবে গ্রহণ করা হবে।

ফলশ্রুতি : বাংলা ভাষার ব্যবহারিক দক্ষতা অর্জিত হবে।

কোর্সের **বিবরণ**

একক ১(Unit:1)    বাংলা ক্রীড়াসাহিত্যের ইতিহাস

